**১০। দুটি শব্দ যখন ধ্বনিগত দিক থেকে একই রকম শোনায় কিন্তু অর্থের দিক থেকে ভিন্ন থাকে বলে কী ?**

**ক)** সমশব্দ **খ)** সমার্থশব্দ **গ)** বিকল্প শব্দ **ঘ)** রূপ

**১১। যখন কোনো শব্দ আরেকটি শব্দের বিপরীত অর্থ প্রকাশ করে তখন শব্দদুটিকে একে অন্যের কী বলে ?**

**ক)** বিকল্প শব্দ **খ)** বিপরীত শব্দ **গ)** সমোচ্চারিত শব্দ **ঘ)** প্রতিশব্দ

**১২। ক্রিয়ার অসম্পূর্ণতা বোঝাতে দ্বিরুক্ত শব্দ কোনটি ?**

**ক)** ভালোয় ভালোয় **খ)** যেতে যেতে **গ)** হাতে হাতে **ঘ)** হাঁকাহাঁকি

**১৩। বাংলাদেশে যে প্রতিষ্ঠানগুলো বানানরীতি তৈরী করেছে সেগুলো হলো-**

**(i) বাংলাদেশ টেক্সট বুক বোর্ড (ii) বাংলা একাডেমী (iii) ঢাকা বিশ্ববিদ্যালয়**

**নিচের কোনটি সঠিক?**

**(ক) (i) (খ) (ii) (গ) (i) ও (ii) (ঘ) (i), (ii) ও (iii)**

**১৪। কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন চিহ্ন বসে ?**

**ক)** কোলন **খ)** সেমিকোলন **গ)** দাড়ি **ঘ)** হাইফেন

**১৫। সম্বোধন পদের পরে কী বসে ?**

**ক)** কোলন **খ)** সেমিকোলন **গ)** কমা **ঘ)** হাইফেন

**১৬। অন্যায়ের বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়-এটি কোন জাতীয় বাক্য ?**

**ক)** বিস্ময়বোধক **খ)** বিবৃতিমূলক **গ)** অনুজ্ঞাবোধক **ঘ)** অনুরোধ সূচক

**১৭। বাংলা-পর্তুগীজ ভাষার শব্দকোষের রচয়িতা কে?**

**ক)** রাজা রামমোহন রায় **খ)** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**গ)** রামচন্দ্র বিদ্যাবাগীশ **ঘ)** উইলিয়াম কেরি

**১৮। ‘বঙ্গভাষাভিধান’ কখন প্রকাশিত হয় ?**

**ক)** ১৮১৬ **খ)** ১৮১৭ **গ)** ১৮১৮ **ঘ)** ১৮১৯

**১৯। অভিধানে শব্দ সাজানোকে কী বলে ?**

**ক)** ভুক্তি **খ)** গ্রহণ **গ)** অনুপ্রবেশ **ঘ)** প্রবেশ

**২০। ত্রিপুরার অন্তর্গত ছিল কোন জেলা?**

**ক)** চট্টগ্রাম **খ)** বরিশাল **গ)** সিলেট **ঘ)** কুমিল্লা

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

**অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০**

**শ্রেণি-৬ষ্ঠ** বিষয় কোড: ১০২

**বিষয়: বাংলা দ্বিতীয় পত্র (সৃজনশীল +বহুনির্বাচনী)**

**সময়: ২ঘণ্টা** **পূর্ণমান: ৫০**

---

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষনীয়]

**১। সারাংশ বা সারমর্ম লিখ :- যেকোনো একটি**

**ক)** মা-মরা মেয়ে মিনু। বাবা জন্মের আগেই মারা গেছে। সে মানুষ হচ্ছে এক দূরসম্পর্কের পিসিমার বাড়ীতে। বয়স মাত্র দশ, কিন্তু এ-বয়সেই সব রকম কাজ করতে পারে সে। লোকে অবশ্য বলে যোগেন বসাক মহৎ লোক বলেই অনাথ বোবা মেয়েটার আশ্রয় দিয়েছেন। মহৎ হয়ে সুবিধাই হয়েছে যোগেন বসাকের। পেটভাতায় এমন সর্বগুণান্বিতা চব্বিশ ঘণ্টার চাকরানি পাওয়া শক্ত হতো তাঁর পক্ষে। বোবা হওয়াতে আরও সুবিধা হয়েছে, নীরবে কাজ করে। মিনু শুধু বোবা নয়, কালোও। অনেক চেঁচিয়ে বললে, তবে শুনতে পায়। সব কথা শোনার দরকার হয় না তার। ঠোঁট নাড়া আর মুখের ভাব দেখে সব বুঝতে পারে। এছাড়া তার আর একটা ষষ্ঠ ইন্দ্রিয় আছে যার সাহায্যে সে এমন সব জিনিস বুঝতে পারে। এমন সব জিনিস মনে-মনে সৃষ্টি করে, সাধারণত বুদ্ধিতে যার মানে হয় না। মিনুর জগৎ চোখের জগৎ, দৃষ্টির ভেতর দিয়েই সৃষ্টিকে গ্রহণ করেছে সে।

**খ)** জগৎ জুড়িয়া এক জাতি আছে
সে জাতির নাম মানব জাতি;
এক পৃথিবীর স্তন্যে লালিত
একই রবি শশী মোদের সাথি।
শীতাতপ ক্ষুধা তৃষ্ণার জ্বালা
সবাই আমরা সমান বুঝি,
কচি কাঁচাগুলো ডাঁটো করে তুলি
বাঁচিবার তরে সমান বুঝি।
দোসর খুঁজি ও বাসর বাঁধি গো,

জলে ডুবি, বাঁচি পাইলে ডাঙা,
কালো আর ধলো বাইরে কেবল
ভিতরে সবারই সমান রাঙা।

**২। ভাবসম্প্রসারণ কর : যেকোনে একটি**

**ক)** পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি **খ)** শিক্ষাই জাতির মেরুদন্ড।

**৩। অনুচ্ছেদ লিখ :**

**ক)** "শীতের পিঠা" **অথবা,**

**খ) নিচের অনুচ্ছেদটি পড় এবং অনুধাবন করে প্রশ্নগুলোর উত্তর দাও :**

কলকাতার এক নোংরা বস্তিতে মাদার তেরেসা প্রথম স্কুল খুললেন। বেঞ্চ, টেবিল কিছু নেই, মাটিতে দাগ কেটে শিশুদের শেখাতে লাগলেন বর্ণমালা। অসুস্থদের সেবার জন্য খুললেন চিকিৎসাকেন্দ্র। ধীরে ধীরে সাহায্যের হাত বাড়িয়ে দিলেন অনেক মানুষ। মাদার তেরেসার কাজের পরিধি ক্রমাগত বেড়ে চলল। তাঁর সঙ্গে যোগ দিলেন আরও অনেকে। তাঁদের নিয়ে তিনি গড়লেন মানবসেবার সংঘ "মিশনারিজ অভ্ চ্যারিটি।"

i) মাদার তেরেসার গঠিত সংঘটির নাম কী ?

ii) মাদার তেরেসাকে কেন মানুষ সাহায্যের হাত বাড়িয়ে দিল?

iii) মাদার তেরেসা কীভাবে মানবসেবায় এগিয়ে আসলেন? সংক্ষেপে বুঝিয়ে দাও।

iv) 'মানবসেবার জন্য অর্থের দরকার নাই, দরকার সদিচ্ছা'-উক্তিটি বুঝিয়ে দাও।

v) মাদার তেরেসার এই কাজ কী নামে অভিহিত করা যায় ?

**৪। ক)** মনে করো তোমার নাম সুজন। তোমার বিদ্যালয়ের নাম দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়। পিতার স্বল্প আয়ের জন্য বিনা বেতনে পড়ার সুযোগ লাভের নিমিত্তে প্রধান শিক্ষকের নিকট আবেদন পত্র লেখ।

**অথবা,**

**খ)** তোমার বার্ষিক পরীক্ষার ফলাফলের সংবাদ জানিয়ে বাবার কাছে একখানা পত্র লিখ।

**৫। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :**

**ক) আমাদের বিদ্যালয় ; [**ভূমিকা, প্রতিষ্ঠা, অবস্থান, বিদ্যালয়ের পরিবশে, শিক্ষার্থী, শিক্ষক, লেখাপড়ার পদ্ধতি, গবেষণাগার, অনুষ্ঠানাদি, পাঠ্যক্রম, অতিরিক্ত বিষয়ের চর্চা, নিজস্ব বৈশিষ্ট্য, উপসংহার**]**

**খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান; [**জন্ম, পিতা-মাতা, শিক্ষা, নেতৃত্ব, পরলোকগমন, উপসংহার**]**

**গ) আমার প্রিয় খেলা; [** ভূমিকা, ক্রিকেটের জন্ম, প্রকারভেদ, উপকরণ, মাঠের আকৃতি, নিয়ম-কানুন, ক্রিকেট খেলার আনন্দ, উপকারিতা**]**

## "বহুনির্বাচনী অভিক্ষা"

**১। ভাষাকে দেশগঠনের কী হিসেবে গ্রহণ করা হয় ?**

**ক)** মাধ্যম **খ)** হাতিয়ার **গ)** অঙ্গ **ঘ)** বাহক

**২। যেসব ভাষা লেখার ব্যবস্থা নেই সেগুলোকে কী বলে ?**

**ক)** মৌখিক ভাষা **খ)** লিখিত ভাষা **গ)** ইশারা ভাষা **ঘ)** সবগুলো

**৩। উচ্চারণের একক কী ?**

**ক)** বর্ণ **খ)** ধ্বনি **গ)** অক্ষর**ঘ)** শব্দ

**৪। বাগযন্ত্রের সাহায্যে আমরা কী উৎপাদন করি ?**

**ক)** ধ্বনি **খ)** বর্ণ **গ)** শব্দ **ঘ)** বাক্য

**৫। স্বরধ্বনির উচ্চারণে বিশেষভাবে গুরুত্বপূর্ণ বিষয়-**

**(i) জিভের উচ্চতা (ii) জিভের অবস্থান (iii) ঠোটের আকৃতি**

**নিচের কোনটি সঠিক?**

**(ক)** (i) **(খ)** (ii) **(গ)** (i) ও (ii) **(ঘ)** (i), (ii) ও (iii)

**৬। বাংলার সব স্বর-**

**(i) হ্রস্ব (ii) দীর্ঘ (iii) কোনোটি নয়**

**নিচের কোনটি সঠিক?**

**(ক)** (i) **(খ)** (ii) **(গ)** (i) ও (ii) **(ঘ)** (i), (ii) ও (iii)

**৭। জিহ্বামূলীয় ধ্বনি কোনটি ?**

**ক)** খ্ **খ)** ল **গ)** ট **ঘ)** থ্

**৮। ভাবগত দিক থেকে বাক্য কত ধরণের ?**

**ক)** ৩ **খ)** ৪ **গ)** ৫ **ঘ)** ৬

**৯। যে ধরণের বাক্যে আদেশ, প্রার্থনা, মিনতি প্রকাশিত হয়-**

**ক)** বিস্ময়বোধক **খ)** অনুজ্ঞাবাচক **গ)** জিজ্ঞাসাবাচক **ঘ)** বিবৃতি মূলক